

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র জেল সুপারের কার্যালয়
বরিশাল কেন্দ্রীয় কারাগার।
barisalcenraljail@gmail.com
পুনঃ কোটেশন (৩য় বার) বিজ্ঞপ্তি


পত্র নং-৫৮.০৪.০৬০০.১৪৮.০৪.০০১.২০২৪- ২৫২৮৬

তারিখঃ ২৬ চৈত্র ১৪৩০
০৯ এপ্রিল ২০২৪

বিষয়ঃ বরিশাল কেন্দ্রীয় কারাগারের ০১-০৭-২০২৩ হতে ৩০-০৬-২০২৪ পর্যন্ত সময়ের মজুদকৃত পুরাতন খালী চটের বস্তা বিক্রয়ের পুনঃ কোটেশন (৩য় বার) বিজ্ঞপ্তি।

এতদ্বারা প্রকৃত বস্তা ব্যবসায়ী/কারা ঠিকাদারগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বরিশাল কেন্দ্রীয় কারাগারের ০১-০৭-২০২৩ হতে ৩০-০৬-২০২৪ পর্যন্ত সময়ের মজুদকৃত পুরাতন খালী চটের বস্তা (৫০ কেজি ও ৩০ কেজি ধারণ ক্ষমতার বিভিন্ন নং) বিক্রয়ের পুনঃ কোটেশন (৩য় বার) আহ্বান করা যাচ্ছে। উক্ত কোটেশন সিডিউল বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় আগামী ২৪-০৪-২০২৪ বেলা ২:৩০ ঘটিকা পর্যন্ত। কোটেশন দাখিলের তারিখ ও সময় ২৫-০৪-২০২৪ সকাল ৯:০০ ঘটিকা হতে ১২:০০ ঘটিকা পর্যন্ত এবং কোটেশন উন্মুক্তকরণ ও মূল্যায়ন কমিটির সভা আগামী ২৫-০৪-২০২৪ তারিখ দুপুর ১২:৩০ ও ১:৩০ ঘটিকায় সিনিয়র জেল সুপার, বরিশাল কেন্দ্রীয় কারাগার, বরিশালের অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

- ০১। কোটেশন আহ্বানকারীর নাম : সিনিয়র জেল সুপার, বরিশাল কেন্দ্রীয় কারাগার।
- ০২। কোটেশন আহ্বান পদ্ধতি : (RFQ) পদ্ধতি।
- ০৩। কোটেশন দাখিলের তারিখ, সময় ও স্থান : ২৫-০৪-২০২৪, সকাল ৯:০০ ঘটিকা হতে ১২:০০ ঘটিকা, কারা প্রধান ফটক।
- ০৪। কার্যাদেশের সময় ও শর্ত : ০১-০৭-২০২৩ হতে ৩০-০৬-২০২৪ পর্যন্ত সময়ের ও সিডিউলের সাথে সংযুক্ত শর্তাবলী।
- ০৫। যোগ্যতা : ট্রেড লাইসেন্সভুক্ত এবং জাতীয় পরিচয়পত্রভুক্ত প্রকৃত বস্তা ব্যবসায়ী/কারা ঠিকাদার/সাধারণ ব্যবসায়ী।
- ০৬। কোটেশনের মূল্য ও সিডিউল বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় : ২৫০/- (দুইশত পঞ্চাশ) মাত্র এবং বিক্রয়ের শেষ সময় ২৪-০৪-২০২৪ ২:৩০ ঘটিকা পর্যন্ত।
- ০৭। কোটেশনের জামানত : ৫০০০/- (পাঁচ হাজার) টাকার পে-অর্ডার কোটেশনের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আংশিক বা সকল কোটেশন প্রক্রিয়া বাতিল/গ্রহণের অধিকার সংরক্ষণ করেন।
- ০৯। কোটেশন সংক্রান্ত কোন তথ্য জানার জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তর কক্ষে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যেতে পারে।
- ১০। ঠিকাদার কর্তৃক বিক্রয়কৃত খালী চটের বস্তার মোট মূল্যের উপর বিধি মোতাবেক উৎসে আয়কর ও ভ্যাট জমাদান পূর্বক খালী চটের বস্তা সরবরাহ গ্রহণ করবেন।
- ১১। কারা প্রধান ফটকে রক্ষিত বাস্তব কোটেশন দাখিল করতে হবে।


রাজু রায়
(রাজু রায়)

বিজে-০১৮০১০০০৪৯৫

সিনিয়র জেল সুপার

বরিশাল কেন্দ্রীয় কারাগার।

প্রাপকঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। জেলা প্রশাসক, বরিশাল।
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, বরিশাল।
- ০৩। সিভিল সার্জন, বরিশাল।
- ০৪। কারা উপ-মহাপরিদর্শক, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, বরিশাল।
- ০৬। জনাব মোঃ মিজানুর রহমান, ডেপুটি জেলার, বিজ্ঞপ্তিটি বরিশাল কেন্দ্রীয় কারাগারের নিজস্ব ওয়েবসাইটে আপলোড ও কারা প্রধান ফটকের নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো।

বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয়ে অনুরোধ জানানো যাচ্ছে।